

মাননীয়

ছাগলনাইয়া সহকারী জজ আদালত, ফেনী  
জেলা- ফেনী।

দেওয়ানী মামলা নং- ৬৯৪/ ২০১৬ ইং।

মোঃ নূরুল আমিনগং  
বাদী

বনাম

মোঃ আবুল বশর গং  
বিবাদী

বাদীপক্ষে ১৫নং বিবাদী ছাগলনাইয়া সহকারী কমিশনার (ভূমি)  
অফিস হইতে নিম্ন তপছিল বর্ণিত নামজারী ও জমাথারিজ  
নথি অত্র মামলায় তলবে আনার আদেশ দানের প্রার্থনা।

নিবেদন এই,

উপরোক্ত মোকদ্দমায় বাদী পক্ষ নিম্ন তপছিল বর্ণিত নামজারী ও  
জমাথারিজ ২টি নথি এবং খারিজী খতিয়ান সহ Null & Void ঘোষনার জন্য  
অত্র মামলা আনয়ন করিয়াছে। উক্ত জমাথারিজী নথিসমূহ ১৫নং বিবাদী বাদী  
পক্ষের দাবীকে উপেক্ষা করিয়া ফাইন্ডিং না দিয়া জমাথারিজ আদেশ ১নং  
বিবাদী গং পক্ষে প্রদান করিয়া সম্পূর্ণ আইনগত ভাবে ভুল করায় তজ্ঞন্যে  
বাদীপক্ষ অত্র মামলা প্রমাণের জন্য তাহা তলবে আনার আদেশ হওয়া একান্ত  
আবশ্যিক। অন্যথায় বাদীপক্ষের অপূরণীয় ক্ষতি হইবে।

অতএব, বাদীগন বিনীত ভাবে প্রার্থনা করেন যে, উপরোক্ত অবস্থা ও  
কারণাধীনে নিম্ন তফছিল বর্ণিত নথিসমূহ ও তৎসংলগ্ন আদেশের সীট সহ  
অত্রাদালতে অত্র মামলা তলবে আনার আদেশে বাধিত করার মর্জি হয়। ইতি  
তাং-

তফছিল তলবী নথির পরিচয়ঃ

১। মটুয়া মৌজার নামজারী ও জমাথারিজ নথি নং- ১১৮৬/২০১৫ ইং।

২। মটুয়া মৌজার নামজারী ও জমাথারিজ নথি নং- ১১৮৭/২০১৫ ইং।

সত্যপাঠ

উপরোক্ত বিষয়াবলী আমার জ্ঞান ও  
বিশ্বাসমতে সত্য। অত্র সত্যতায় শুদ্ধ  
স্বীকারে নিম্নে আমার নিজ নাম স্বাক্ষর  
প্রদান করিলাম। ইতি তাং-